

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৫৯৫

জিরানীয়া, ৮ নভেম্বর, ২০২৩

**জিরানীয়ায় জল দিওয়ালি উদযাপন**

জিরানীয়া নগরপঞ্চায়েত এলাকায় স্বসহায়ক দলের সদস্যদের নিয়ে আজ জল দিওয়ালি উদযাপন করা হয়। অমুত ২.০ প্রকল্পে জাতীয় শহুরে জীবিকা মিশনের সহযোগিতায় এই অনুষ্ঠানে স্বসহায়ক দলের মহিলাদের মধ্যে জলের গুরুত্ব সম্বন্ধে সচেতনতামূলক প্রচার অভিযান করা হয়। জিরানীয়া নগরপঞ্চায়েত এলাকায় তাদের জল পরিশোধন প্রকল্প ঘুরিয়ে দেখানো হয়। জিরানীয়া পানীয় জল ও স্বাস্থ্যবিধান কার্যালয় প্রাঙ্গণে তাদের নিয়ে এক কর্মশালারও আয়োজন করা হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন জিরানীয়া নগরপঞ্চায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস। জল সংরক্ষণ ও জলের অপচায় রোধ বিষয়ে তিনি সংক্ষিপ্ত আলোচনা করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিরানীয়া পানীয় জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের এসডিও সুবিনয় দেববর্মা, জিরানীয়া নগরপঞ্চায়েতের ডেপুটি সিইও অনিল চন্দ্র দাস প্রমুখ।

অনুরূপভাবে গতকাল রানীয়াবাজার পুর পরিষদ এলাকায় স্বসহায়ক দলের সদস্যদের নিয়ে জল দেওয়ালি উদযাপন করা হয়। নদীর জল কিভাবে জল পরিশোধন প্রকল্পে পানীয় জলে পরিণত করা হয় তা তাদের ঘুরিয়ে দেখানো হয়। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের জিরানীয়া কার্যালয়ের এসডিও সুবিনয় দেববর্মা, রানীয়াবাজার পুর পরিষদের ডেপুটি সিইও সুনীত মুড়াসিং প্রমুখ।

\*\*\*\*\*